



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিস্ট্রেশন/জেএসসি-১৮/৪৩০

(সংশোধিত)

তারিখঃ ০৬/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় : ২০১৮ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি জমাদান ও অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন / মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

## নির্দেশাবলী :

- সাধারণত বিদ্যালয়ে ভর্তি রেজিস্ট্রারসহ অন্যান্য ক্ষেত্রে শিক্ষার্থীদের তথ্যে বাংলা ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে যেহেতু সকল তথ্য ইংরেজিতে পূরণ করা বাধ্যতামূলক তাই রেজিস্ট্রেশনের সময় অবশ্যই ছাত্র/ ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকদের নিকট থেকে সঠিক বানান নিশ্চিত হয়ে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২০১৮ সনের জে এস সি অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের Log in password ব্যবহার করতে হবে।
- জে এস সি পরীক্ষা পরিচালনা নীতিমালা ১ (খ) ধারা অনুযায়ী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষা বছরের ৩১ ডিসেম্বর পরীক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের বেশি বয়সের ছাত্র/ছাত্রী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। অর্থাৎ ২০১৮ সনের জে এস সি পরীক্ষার্থীর বয়স ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখে ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের উর্ধ্বে হবে না।
- রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি., মিসেস, মৃত, মরহুম, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড., শ্রী, শ্রীমতি, পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামে শেষে পদবি ছাড়া এমএ, বিএ, এফআরসিএস ইত্যাদি লেখা যাবে না।
- ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে এক জনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি Upload হয়ে না যায়।
- যে সকল শিক্ষার্থী ২০১৭ সালে রেজিস্ট্রেশন করেছে তাদের পুনরায় রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে “সোনালী সেবা” পদ্ধতিতে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক” সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে ২৬/০৪/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে টাকা জমা করতঃ মূল রশিদ ব্যাংক থেকে সংগ্রহ করতে হবে। অতঃপর জমাদানের জন্য নির্ধারিত তারিখে ফরওয়ার্ডিংসহ ফি জমাদানের রশিদের কপি হিসাব শাখায় জমাদানপূর্বক ই-এসআইএফ এর মূল কপি ও প্রতিষ্ঠানের স্বীকৃতি সংক্রান্ত কাগজপত্র বিদ্যালয় শাখায় জমা দিতে হবে।

## জে এস সি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাত ওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) -----	১৫.০০
ঘ. অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
ঙ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০
চ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	২৫.০০

(চলমান)

